**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd

স্মারক নম্বর : ৫৬.০৪.০০০০.০০৪.৩১.০৫১.১৭-১১০৯

তারিখঃ ১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# ইতঃপূর্বে বাস্তবায়িত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার লিংকসমূহ চালু/ কার্যকরের প্রত্যয়ন

এ মর্মে যৌথভাবে প্রত্যয়ন করা যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার সংযুক্ত তালিকা অনুযায়ি লিংকসমূহ চালু/কার্যকর রয়েছে।

২৫/০৯/২৩
মোঃ দিদারুল কাদির
নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭

২৫/০৯/২৩
(নিলুফা ইয়াসমিন)
ইনোভেশন অফিসার
ও
উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ইমেইল: ddp&d@doict.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যেগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যেগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা ও কার্যকর/চালুকৃত সেবার তালিকা এবং সেবার লিংক

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ** | **সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ১. | অনলাইন কম্পিউটার ল্যাব বরাদ্দ ব্যবস্থাপনা: | বর্তমানে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন ল্যাব প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে স্থাপিত কম্পিউটার ল্যাব সমূহের তথ্য একটি নির্দিষ্ট ওয়েব এপ্লিকেশন থেকে প্রাপ্তির ব্যবস্থা নেই। ফলশ্রুতিতে অনেক সময় একই শিক্ষা প্রতিষ্ঠানে একই ল্যাব প্রদানকারী সংস্থা ভুল ক্রমে একাধিক ল্যাব দিয়ে ফেলে। আবার একটি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব প্রদানের ক্ষেত্রে পূর্বে সে প্রতিষ্ঠানে কোনো কম্পিউটার ল্যাব আছে কিনা তা জানা বা এই তথ্যের সত্যতা যাচাই করা অত্যাবশ্যক। অপরদিকে কম্পিউটার ল্যাবের জন্য নির্দিষ্ট ফর্মেটে অনলাইনে আবেদন করার প্লাটফর্ম অত্যন্ত প্রয়োজনীয়। আর উক্ত সমস্যা বা চাহিদাসমূহের প্রেক্ষিতে 'অনলাইন কম্পিউটার ল্যাব বরাদ্দ ব্যবস্থাপনা' এই উদ্ভাবন (ইনোভেশন) টি এই সমাধান করে। | হ্যাঁ | হ্যাঁ | http://srdl.gov.bd/ | উদ্ভাবকঃ জনাব রিয়াসাত রায়হান নুর, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, তিতাস,কুমিল্লা, (সংযুক্তিঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)) riasatraihan@gmail.com ০ ১৬৭২ ৭০২৪৩৭ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২. | Central Aid Management System (CAMS): | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে কর্মরত জেলার ৫ জন দক্ষ প্রোগ্রামার বাংলাদেশ সরকারের মানবিক সহায়তা বিতরণের কাজে গতিশীলতা আনয়ন ও নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষে পেশাগত দায়বদ্ধতা থেকে স্ব-উদ্যোগে নিজস্ব ব্যবস্থাপনায় Central Aid Management System (CAMS) সফটওয়্যার তৈরি করেছে। এরই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি মহোদয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক তৈরিকৃত Central Aid Management System (CAMS) সফটওয়্যারটির কলেবর বৃদ্ধি পূর্বক সকল মানবিক সহায়তা বিতরণ ব্যবস্থাপনায় ব্যবহারের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, করোনাকালীন সময়ে CAMS ব্যবহার করে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে এ পর্যন্ত ৩৪ লক্ষ ৯৭ হাজার ৩৫৩টি পরিবারকে ২৫০০ টাকা করে মোট ৮৭৪ কোটি ৩৩ লক্ষ ৮২ হাজার ৫০০ টাকা সহায়তা প্রদান করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | https://pmo.cams.gov.bd/ | উদ্ভাবকঃ জনাব মোঃ হারুন অর রশিদ, প্রোগ্রামার, জেলা কার্যালয়, টাঙ্গাইল (সংযুক্তিঃ প্রধান কার্যালয়) এবং আরো ০৪(চার) জন প্রোগ্রামার<br>harun.rosid@doict.gov.bd<br>০ ১৭১২ ৮২২২০৬ |
| ৩. | স্মার্ট অফিস ম্যানেজমেন্ট | অত্র অধিদপ্তরে কর্মরত কর্মকর্তাগনের পরিদর্শন দক্ষতা ব্যবস্থাপনা সংক্রান্ত কোন সিস্টেম নেই, বিধায় কোন কোন কর্মকর্তার কি কি দক্ষতা আছে এবং কোন কর্মকর্তাকে কি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে তা কার্যকরভাবে সম্পন্ন করা সম্ভব হয় না। কিছু কিছু ক্ষেত্রে একই কর্মকর্তা একই বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ পাচ্ছেন কিন্তু ট্রেনিং প্রয়োজন থাকা সত্ত্বেও ম্যানুয়াল পদ্ধতির কারনে ট্রেনিং বঞ্চিত হতে পারেন।<br><br>আবার কর্মকর্তাদের কি কি দক্ষতা আছে তা এক নজরে জানা যায় না বিধায় দক্ষ কর্মকর্তাদের সমন্বয়ে টীম গঠন করে বিভিন্ন আইসিটি বিষয়ক গুরুত্বপূর্ণ কার্যক্রম সঠিকভাবে পরিকল্পনা করতে হিমশিম খেতে হয়। | হ্যাঁ | হ্যাঁ | https://soms.gov.bd/#/login | উদ্ভাবকঃ জনাব বিপ্লব চন্দ্র সরকার, প্রোগ্রামার, জেলা কার্যালয়, বগুরা<br>biplob.weblancer@gmail.com<br>০ ১৭৩২ ২১৬৩৪১ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | স্মার্ট অফিস ব্যবস্থাপনা এর মাধ্যমে বর্নিত সমস্যা সহজেই সমধান করা যাবে। এই প্ল্যাটফর্মে অত্র অধিদপ্তরের সকল কর্মকর্তা রেজিস্ট্রেশন করবেন। এই প্ল্যাটফর্মে কর্মকর্তার প্রোফাইল ব্যবস্থাপনার জন্য একটি মডিউল থাকবে যেখানে কর্মকর্তাগন তাঁদের প্রোফাইল প্রয়োজনীয় তথ্য দিয়ে হালনাগাদ করবেন। কর্মকর্তাগন কি কি প্রশিক্ষণ পেয়েছেন তা এই সিস্টেমে ডিজিটালি সংরক্ষিত থাকবে। এর ফলে উর্ধতন কর্মকর্তাগন খুব সহজেই একনজরে তাঁর অধিনস্ত সকল কর্মকর্তাগনের প্রয়োজনীয় তথ্য সহ দক্ষতার তথ্যও পেতে পারবেন। এবং এই তথ্য অনুসারে কর্মকর্তাদের জন্য প্রয়োজন মোতাবেক সুষমভাবে প্রশিক্ষণের পরিকল্পনা করতে পারবেন এবং দ্বৈততা পরিহার করা সম্ভব হবে। দক্ষতা পর্যালোচনা করে দক্ষ কর্মকর্তাদের সমন্বয়ে টীম গঠন করে বিভিন্ন আইসিটি বিষয়ক গুরুত্বপূর্ণ কার্যক্রম সঠিকভাবে পরিকল্পনা ও বাস্তবায়ন করতে পারবে। | | | | |
| 8. | 'School Admission Lottery Management System (SALMS)' | করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি অনুসরন করে ভর্তি ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন, সেবার মান বৃদ্ধি, উদ্ভাবন চর্চা ও এর প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে 'School Admission Lottery Management System (SALMS)' নামক সিস্টেম সফটওয়ার (http://salms.doict.gov.bd/ ) প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে উক্ত ডিজিটাইজকৃত সেবাটির পাইলটিং কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা-তে সম্পন্ন হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | https://dpss.rajshahidiv.com/lottery/ | উদ্ভাবকঃ জনাব সজীব সরকার, প্রোগ্রামার, জেলা কার্যালয়, পাবনা<br><br>sajib.ict.05@gmail.com<br>০ ১৭৮৫ ০৪৩৪৮৯ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫. | Connect DoICT (Mobile Apps) | ১। অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তাদের কেন্দ্রীয় ডাটাবেজ থাকবে ফলে সহজেই সকলের তথ্য পাওয়া যাবে;<br>২। দ্রুততাঁর সাথে বিভিন্ন নোটিশ, নোটিফিকেশন সবার মাঝে প্রেরণ;<br>৩। বিভিন্ন ইভেন্ট এবং সার্ভিস সর্ম্পকিত তথ্য সহজেই দেখা;<br>৪। সরকারী বিভিন্ন জরুরী অফিস আদেশ/প্রজ্ঞাপনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ফাইল ডাউনলোডের সুবিধা;<br>৫। অনলাইন ভিত্তিক মিনি নিউজ পোর্টাল;<br>৬। নিজের স্বাস্থ্য সর্ম্পকিত বিভিন্ন তথ্য সংরক্ষণ এবং নোটিফিকেশন এর সুবিধা;<br>৭। ইত্যাদি। | হ্যাঁ | হ্যাঁ | **মোবাইল এপ্লিকেশন এর লিংক**<br><br>(https://play.google.com/store/apps/details?id=com.connectdoict.connectdoict) | উদ্ভাবকঃ জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক (অর্থ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br><br>sharifulislam@doict.gov.bd<br><br>০ ১৭১৩ ৪৯৪৬৬১ |
| ৬. | স্বল্প খরচে বিদ্যুৎ সাশ্রয়ী স্বয়ংক্রিয় ওয়াটার পাম্প কন্ট্রোলার | বর্তমান সময়ে দেশে তো বটেই পৃথিবীর প্রায় সকল দেশেই ইলেকট্রিক মটর দৈনন্দিন জীবনে পানির ব্যবহারের জন্য একটি অত্যন্ত প্রয়োজনীয় জিনিস। প্রতিদিনই প্রতি বাসায় ইলেকট্রিক মটর অন বা চালু করা হচ্ছে পানির ব্যবহারের জন্যে। অনেক সময় সময়মত মটর অফ করতে ভুলে যাওয়ার কারণে ইলেক্ট্রিসিটি এবং পানির অপচয় হয়। ফলে সামগ্রিকভাবে চিন্তা করলে প্রতিদিনই দেশের প্রচুর ইলেক্ট্রিসিটি ও পানির অপচয় হচ্ছে। 'স্বল্প খরচে বিদ্যুৎ সাশ্রয়ী স্বয়ংক্রিয় ওয়াটার পাম্প কন্ট্রোলার' এই সমস্যা সমাধান □রতে সক্ষম হয়েছে যেন পানি ভর্তি হবার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে ওয়াটার পাম্পটি বন্ধ হয়ে যায়। | হ্যাঁ | হ্যাঁ | Hardware Controller | উদ্ভাবকঃ জনাব তানিয়া আফরোজ, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, সদর, মানিকগঞ্জ<br><br>taniaafroz03@gmail.com<br><br>০ ১৭৩৩ ৫৩৩৫৪৩ |
| ৭. | আইসিটি অধিদপ্তর কর্তৃক প্রদেয় কারিগরি সহায়তা সেবা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নে আইসিটি অধিদপ্তর প্রতিষ্ঠালগ্ন থেকে জেলা পর্যায়ে দপ্তর স্থাপনের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটি অধিদপ্তর কর্তৃক নিয়োজিত প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার ও কম্পিউটার অপারেটর সাধারণ জনগণ ও বিভিন্ন সরকারি দপ্তরে আইসিটি নির্ভর সেবা যেমন- নথি, ওয়েব পোর্টাল, সরকারি বিভিন্ন সেবা সংক্রান্ত এপ্লিকেশন, হার্ডওয়ার, ইন্টারেনট কানেকটিভিটিসহ নানাবিধ সেবা প্রদান করা হয়। সেসকল সেবা প্রদানের বিবরণ এবং তথ্য যথাযথভাবে ইলেকট্রনিক উপায়ে সংরক্ষণের ব্যবস্থা করা। | হ্যাঁ | হ্যাঁ | www.doicteservicebd.net | উদ্ভাবকঃ জনাব বিপুল বনিক, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি<br><br>bipul.6ap@doict.gov.bd<br><br>০ ১৮১৭ ৭৫০৫৫৪ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | **আপডেট ভার্সন তৈরি করা হয়েছে বিধায় এটি আর ব্যবহার হচ্ছে না** |
| ৮. | গনশুনানি এর ডিজিটাইজেশন | বর্তমানে উপজেলা বা জেলা পর্যায়ে অনেক নাগরিক সমস্যার সমাধান হয়। কিন্তু এ সমাধানগুলো লিপিবদ্ধ থাকে না বিধায় মাঠ পর্যায়ের এই অফিসগুলো কতগুলো সমস্যা সমাধান করলো বা করার উদ্যোগ গ্রহণ করল তা সেন্ট্রালি কোন প্লাটফর্মে সংরক্ষিত থাকছেনা এবং পরবর্তী বৈঠকে আগের সমস্যা গুলোর সমাধান হয়েছে কিনা তা নির্ধারণ করা কঠিন হয়ে পড়ে। কি কি ধরনের সমস্যা বিরাজমান রয়েছে, কি কি ধরনের সমস্যার সমাধান করা হয়েছে, কার কার সমস্যার সমাধান করা হয়েছে, কোন ধরনের সমস্যা বারবার হচ্ছে, সমস্যা সমাধানে হার কত এসকল বিষয় নিরূপণ করা সম্ভব হয় না। উপজেলা প্রশাসন বা জেলা প্রশাসনে আসলে বৈঠক একটি নির্দিষ্ট সময়ে হওয়ার কারণে অনেকেই ওই বৈঠকে অভিযোগ দাখিল করতে পারেন না বা নিজের সমস্যা খুলে বলতে পারেন না এবং তার অভিযোগ ও উপজেলা নির্বাহি অফিসার কর্তৃক প্রদানকৃত নির্দেশনা লিপিবদ্ধ না থাকায় সেই অভিযোগের বৈধতা প্রশ্নবিদ্ধ হয় এবং মাঠপর্যায়ে অধিকাংশ অভিযোগকারী দেখা যায় স্বল্প শিক্ষিত বা অসচেতন। | হ্যাঁ | হ্যাঁ | http://gonosunani.dcrowd.net/ | উদ্ভাবকঃ ইঞ্জি. মোঃ নাঈম খান, সহকারী প্রোগ্রামার, সংযুক্তিঃ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি<br>md.nkhanshuvo.oth@gmail.com<br>০ ১৬৭৬ ১০২১৫৭ |
| ৯. | ই-স্টোর ম্যানেজমেন্ট | বিদ্যমান ব্যবস্থায় একটি দপ্তরে স্টোর ব্যবস্থাপনার জন্য স্টোরে প্রোডাক্ট আইটেম মজুত এর বর্ণনা, পরিমান, বিতরণের পরিমানসহ অবশিষ্ট দ্রব্যাদির তথ্যাদি অফলাইন এবং অনলাইন এ জানা যায় এবং এ পদ্ধতি চালুকরণের ফলে সেবা সহজীকরণ ও সময় এবং অর্থের সাশ্রয়সহ সচ্ছতার সাথে স্টোর ব্যবস্থাপনা করা সম্ভব হয়েছে এবং অনলাইনে স্টোর ব্যবস্থাপনা সিস্টেম খুব সহজেই আপডেট রাখা যাচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | https://www.doictstore.org/login | উদ্ভাবকঃ প্রধান কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ১০. | অনলাইন এক্সাম সিস্টেম | 'ডিজিটাল বাংলাদেশ' একটি প্রত্যয়, একটি স্বপ্ন। বিরাট এক পরিবর্তন ও ক্রান্তিকালের মধ্য দিয়ে বাংলাদেশ এখন এগিয়ে চলছে। ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালনের বছরে বাংলাদেশকে | হ্যাঁ | হ্যাঁ | http://examonline.com.bd/ | উদ্ভাবকঃ জনাব বিপ্লব চন্দ্র সরকার, প্রোগ্রামার, জেলা কার্যালয়, রাজশাহী সংযুক্তিঃ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণই বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের প্রধান বিষয়। তারই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ তথা অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সরকারী/আধা সরকারী বিভিন্ন সেক্টর এখন ডিজিটালাইজেড হয়েছে এবং এর সুফল জনগন ভোগ করছে। শিক্ষার ক্ষেত্রেও সেটি অধিদপ্তর কতৃক ৯০০০ হাজার এর অধিক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। কিন্তু উপযুক্ত কোনো অনলাইন সিস্টেম না থাকায় এখন পর্যন্ত অনলাইন এ পরীক্ষা নেয়ার পূর্ণাংগ পদ্ধতি বিদ্যমান না থাকার ফলে শিক্ষা ক্ষেত্রে আমাদের কোমলমতি ছাত্র-ছাত্রীরা পিছিয়ে পড়ছিলো। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সার্বিক ব্যবস্থাপনায় সংসদ টেলিভিশনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। আমুরা জানি এছাড়াও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনার পাশাপাশি পরীক্ষা গ্রহণ অত্যান্ত আবশ্যক। আর এই অত্যাবশ্যকীয় প্রয়োজনীয়তা 'অনলাইন এক্সাম সিস্টেম' উদ্ভাবন (ইনোভেশন) এর মাধ্যমে পূরণ করার সম্ভবনা রয়েছে। ইতোমধ্যে জনাব বিপ্লব চন্দ্র সরকার, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী 'অনলাইন এক্সাম সিস্টেম' উদ্যোগটি রাজশাহী জেলার একটি শিক্ষা প্রতিষ্ঠানে সফলতার সাথে পাইলটিং কার্যক্রম সম্পন্ন করেছেন। | | | | ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প<br><br>biplob.weblancer@gmail.com<br><br>০ ১৭৩২ ২১৬৩৪১ |
| ১১. | অনলাইন সাপোর্টিং টিকেট সিস্টেম | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা ও উপজেলা পর্যায়ে সফলতার সাথে বিভিন্ন দপ্তর সমূহে আইসিটি বিষয়ক পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান করে আসছে। আভ্যন্তরীণ বিভিন্ন সেবার পাশাপাশি বিভিন্ন সরকারী/বেসরকারি দপ্তরে নেটওয়ার্ক কানেক্টিভিটি, নথি, ওয়েব পোর্টাল, ই-মোবাইল কোর্ট, ই-লাইসেন্স, জন্ম নিবন্ধন, ই-হজ্জ, ই-ল্যান্ড, ই-মিউট্রিশন, ই-নামজারী, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (এপিএএমএস), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), বিভিন্ন ওয়েব অ্যাপি-কেশন, সফটওয়্যার ও হার্ডওয়্যার সাপোর্ট এবং | হ্যাঁ | হ্যাঁ | www.support.doict.gov.bd | উদ্ভাবকঃ ইঞ্জি. আবু কাউছার, প্রোগ্রামার, জেলা কার্যালয়, লক্ষীপুর (সংযুক্তিঃ প্রধান কার্যালয়)<br><br>eng.abukowsar@gmail.com<br><br>০ ১৭১০ ২৭৮৭৬০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | জনগণের মাঝে প্রযুক্তি বিষয়ক কারিগরি সেবা প্রদান করে আসছে। জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে আইসিটি বিষয়ক পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদানের জন্য অনলাইন ভিত্তিক কোন প্লাটফর্ম নেই। বিভিন্ন কারিগরি সহায়তার জন্য এখন পর্যন্ত ওয়েবসাইট, ফেসইবুক, ইমেইল, মোবাইল অথবা ম্যানুয়াল পদ্ধতির উপর নির্ভর করতে হয়, যা সময় সাপেক্ষ। বিচ্ছিন্নভাবে কেউ কেউ সমস্যাসমূহ অবলোকন করে থাকে এবং সমাধানের ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করে থাকেন। অনেকেই সমস্যাসমূহ সঠিকভাবে চিহ্নিত করতে এবং সঠিক চ্যানেলে সমাধান পেতে সমস্যায় পড়েন। এসকল সমস্যা সমাধানের জন্যে অনলাইন সাপোর্টিং টিকেট সিস্টেম উদ্ভাবন (ইনোভেশন) টি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। | | | | |
| ১২. | তথ্য ও যেগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ট্রেনিং ডাটাবেজ প্লাটফর্ম (ভার্শন-২) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়। কর্ম সম্পাদন লক্ষ্য বাস্তবায়নের জন্য, আইসিটি বিভাগ ও অধিদপ্তর থেকে প্রতি বছর সরকারি কর্মকর্তা/কর্মচারী ও জনসাধারণের জন্য প্রধান কার্যালয় ও জেলা/উপজেলা পর্যায়ের অফিস সমূহে প্রশিক্ষণের আয়োজন করা হয়।<br>প্রশিক্ষণার্থীদের তথ্য সংরক্ষণ এবং সুষ্ঠুভাবে প্রশিক্ষণ ব্যবস্থা পরিচালনার জন্য ট্রেনিং ডাটাবেজ প্ল্যাটফর্ম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। | হ্যাঁ | হ্যাঁ | 118.179.160.246:8091 | উদ্ভাবকঃ ইঞ্জি. আবু কাউছার, প্রোগ্রামার, জেলা কার্যালয়, লক্ষীপুর (সংযুক্তিঃ প্রধান কার্যালয়)<br>eng.abukowsar@gmail.com<br>০ ১৭১০ ২৭৮৭৬০ |

মোঃ দিদারুল কাদির
নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭

নিলুফা ইয়াসমিন
উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭